

একাদশ যাকাত ফেয়ার ২০২৩ অনুষ্ঠিত



“Making a Difference with Zakat” - এ প্রতিপাদ্যকে সামনে রেখে একাদশ বারের মতো এ বছরের ‘যাকাত ফেয়ার’ অনুষ্ঠিত হয়। দু’ দিনব্যাপী অনুষ্ঠিত এ ফেয়ারের উদ্বোধন করেন বিশিষ্ট অর্থনীতিবিদ প্রফেসর ডঃ ওয়াহিদউদ্দিন মাহমুদ। তিনি বলেন, “সামাজিক সুরক্ষা নিশ্চিতকরণে যাকাত একটি গুরুত্বপূর্ণ উপাদান এবং সুযোগের সমতার জন্য প্রাতিষ্ঠানিক যাকাত ব্যবস্থাপনা অতীব প্রয়োজন। প্রাতিষ্ঠানিকভাবে যাকাত প্রদানকারীদের যদি কর রেয়াত প্রদান করা হয়, তাহলে অধিক দাতা প্রাতিষ্ঠানিকভাবে যাকাত দিতে উদ্বুদ্ধ হবে। এতে করে গরীব জনগোষ্ঠী উপকৃত হবে এবং সামাজিক সুরক্ষা কর্মসূচি ফলপ্রসূভাবে বাস্তবায়িত হবে”।

তিনি আরো বলেন, যাকাত বাংলাদেশের একটি সম্ভাবনাময় খাত, এটি ধনী ও দরিদ্রের মধ্যে সম্প্রীতি প্রতিষ্ঠার একটি মাধ্যম। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট বঞ্চিত মানুষের কল্যাণে ব্যাপক পরিসরে কাজ করছে। দেশে এ ধরনের প্রতিষ্ঠান আরও গড়ে তোলা প্রয়োজন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিজিডএম-এর চেয়ারম্যান নিয়াজ রহিম। অনুষ্ঠানে ‘সামাজিক নিরাপত্তা বেটন কী কী’ ও যাকাতের ভূমিকা’ বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল মজিদ।

ফেয়ারে মহিলাদের জন্য ‘সমাজে সালাত ও যাকাত প্রতিষ্ঠায় নারীর ভূমিকা’ শীর্ষক সেমিনার ও প্রশ্নোত্তর অনুষ্ঠান আয়োজন করা হয়। এছাড়া ‘ভবিষ্যতের যাকাত শুভেচ্ছা দূত’ প্রতিপাদ্য নিয়ে প্রাক্তন জিনিয়াস স্কলারদের মিলনমেলা, খতীব ও ইমামদের জন্য ‘যাকাতের প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনায় ইমাম ও খতিবদের ভূমিকা’ শীর্ষক সেমিনার এবং ‘যাকাত ও সিএসআর তহবিলের সময়সায়ন’ শীর্ষক গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। সাবেক সচিব জনাব আরাক্তু খানের সঞ্চালনায় উক্ত গোলটেবিল বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. সালেহ উদ্দিন আহমেদ। সাবেক প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) বিচারপতি মোহাম্মদ আবদুর রউফ, সাবেক সচিব জনাব এএমএম নাসিরউদ্দিন, ইউএনডিপি বাংলাদেশের সহকারী আবাসিক প্রতিনিধি সর্দার এম আসাদুজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর এম মুজাহিদুল ইসলাম, সোবহানবাগ জামে মসজিদের খতিব মাওলানা শাহ ওয়ালিউল্লাহসহ বিশিষ্ট স্কলারগণ উক্ত যাকাত ফেয়ারে বিভিন্ন অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

মেলায় দর্শনার্থীদের যাকাতের বিধিবিধান সম্পর্কিত প্রশ্নের জন্য এবং যাকাত সঠিকভাবে গণনার জন্য ব্যক্তি বা ব্যবসায়িক প্রতিষ্ঠানকে সহায়তা করার জন্য একটি পরামর্শ ডেস্ক স্থাপন করা হয়। এছাড়া মেলায় বিভিন্ন যাকাত/দাতব্য প্রতিষ্ঠান, বই প্রকাশক, ইসলামী আর্থিক প্রতিষ্ঠান ইত্যাদির স্টল ছিল। ইসলামী পণ্ডিত, অর্থনীতিবিদ, শিক্ষাবিদ, উন্নয়ন কর্মী, আমলা ও ব্যবসায়ীসহ সব শ্রেণির মানুষ ফেয়ারে অংশগ্রহণ করেন।

গুলবাগিচা শিশুদের মাঝে পোষাক বিতরণ



গুলবাগিচা শিক্ষা কর্মসূচির নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে সারাদেশের গুলবাগিচা শিক্ষাকেন্দ্রের প্রায় এক হাজার শিশুদের মাঝে পোষাক বিতরণ করেছে সিজেডএম। উল্লেখ্য, ২০১০ সাল থেকে সিজেডএম সমাজের অসহায় ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের জন্য গুলবাগিচা প্রাথমিক শিক্ষা ও পুষ্টি কার্যক্রম পরিচালনা করে আসছে। করোনা প্রাদুর্ভাবের কারণে দীর্ঘ বিরতির পরে ২০২৩ সাল থেকে উক্ত কার্যক্রম আবার পুরোদমে শুরু হয়েছে। বর্তমানে ১৮ টি জীবিকা প্রকল্পে ৩৩টি প্রাক-প্রাথমিক শিক্ষা ও পুষ্টি কেন্দ্রে ৯৫৬ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছে। সিজেডএম প্রতি বছরই এসকল শিক্ষার্থীকে স্কুল ইউনি-ফর্ম দিয়ে আসছে। পবিত্র ঈদ-উল-আজহাকে সামনে রেখে সিজেডএম ৯৫৬ জন শিক্ষার্থীর মাঝে পোষাক বিতরণ করে।

থ্যালাসেমিয়ায় আক্রান্ত দুই সহোদরের পাশে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট



জীবিকা প্রকল্প মানিকগঞ্জ-২ এলাকার মনোয়ারা বেগমের দুই ছেলে মো: নাইম (২৩ বছর) ও মো: সাগর (১৮ বছর) থ্যালাসেমিয়ায় আক্রান্ত। মনোয়ারার স্বামী ১৫ বছর যাবৎ সৌদি আরব প্রবাসী, সেখানে তিনি জীবন-যাপনের জন্য মরুভূমিতে ছাগল চরান। তার উপার্জিত অর্থে টানাটানিতে সংসার চলে। মনোয়ারার জন্য স্বল্প উপার্জনে দুই ছেলের নিয়মিত চিকিৎসা করানো কঠিন হয়ে উঠছিল। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট তার দুই সন্তানের চিকিৎসার দায়িত্ব গ্রহণ করেছে।

কিডনি ট্রান্সপ্লান্টেশনে সহায়তা দিলো সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট



মামুনুর রশিদ (৪৮ বছর) দুই সন্তানের জনক। গাড়ি চালিয়ে পরিবারের ভরণ-পোষণ করছিলেন। দুরারোগ্য কিডনি রোগে আক্রান্ত হয়ে কর্মহীন হয়ে পড়েন। চিকিৎসক তাকে কিডনি ট্রান্সপ্লান্টেশনের পরামর্শ দেন। তার পক্ষে ব্যয়বহুল চিকিৎসা সম্পন্ন করা ছিল একটি দুঃস্বপ্ন। তার কিডনি ট্রান্সপ্লান্টেশনে আর্থিক সহযোগিতা করতে এগিয়ে আসে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট। বর্তমানে সফল কিডনি ট্রান্সপ্লান্টেশন তার জীবনে নতুন আশার সঞ্চার করেছে। তার চিকিৎসায় এগিয়ে আসায় মামুনুর রশিদ কৃতজ্ঞতা প্রকাশ করেছে।

ঢাকার বস্তিবাসীদের মাঝে কুরবানির গোশত বিতরণ



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট ঢাকা শহরের বস্তি এলাকাসহ কুমিল্লা, মানিকগঞ্জ ও সাভার এলাকার ১৪৫৯ জন দুঃস্থ শিশু ও তাদের পরিবারের মাঝে কুরবানির গোশত বিতরণ করেছে। সিজেডএম-এর সার্বিক তত্ত্বাবধানে প্রতিবারের মতো এবারও ঈদের দিন কোরবানির গোশত বিতরণ করা হয়।

অভাবী অসহায় মানুষের মুখে হাসি ফোটাতে ২০১০ সাল থেকে প্রতি বছর সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট এভাবে কাজ করে যাচ্ছে।

সিলেটে সাবমারসিবল পাম্প (গভীর নলকূপ) স্থাপন



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট সিলেট সদর উপজেলায় জীবিকা উন্নয়ন কেন্দ্র সুরমা-২ এর অধীন পাহাড়ী এলাকা 'বাহার' গ্রামের জীবিকা প্রকল্পের মুস্তাহিকদের (যাকাত প্রাপ্য পরিবার) পানির সংকট মেটাতে ৫টি সাবমারসিবল পাম্প (গভীর নলকূপ) স্থাপন করেছে। এর ফলে স্থানীয় পাহাড়ী এলাকার ২০০টি পরিবারের প্রায় ১,০০০ মুস্তাহিকের নিরাপদ পানির সংকট দূর হয়েছে। সিলেটের এই পাহাড়ী জনপদে নিরাপদ সুপেয় পানির সরবরাহ ও সহজলভ্যতা নিশ্চিত করা একটি বড় চ্যালেঞ্জ ছিল। এলাকার জনগণ দীর্ঘদিন ধরে নিরাপদ পানির অভাবের সম্মুখীন হয়েছেন এবং এর ফলে তাদের দৈনন্দিন জীবন নানাভাবে ব্যাহত হচ্ছিল। পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে, প্রকল্পের পৃষ্ঠপোষক এবং সিজেডএম পানির সংকট নিরসনে সাবমারসিবল পাম্প স্থাপনের এ উদ্যোগ নেয়।

দারিদ্র বিমোচনের লক্ষ্যে যাকাত তহবিল হস্তান্তর



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট দারিদ্র বিমোচন ও মানব উন্নয়নের লক্ষ্যে জীবিকা উন্নয়ন কেন্দ্র তিলকপুর, নওগাঁ এবং চট্টগ্রামের নাজিরহাট উপজেলায় প্রকল্পের ১,০০০ (এক হাজার) মুস্তাহিকদের (সদস্য) মাঝে ১ কোটি ২৭ লক্ষ টাকার যাকাত তহবিল হস্তান্তর করেছে।

চট্টগ্রামের নাজিরহাটে যাকাত তহবিল হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এ কে খান ফাউন্ডেশনের ট্রাস্টি সেক্রেটারী ও বিশিষ্ট শিল্পপতি জনাব সালাহউদ্দিন কাসেম খান। এতে সভাপতিত্ব করেন জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সিজেডএম এর যাকাত বিতরণ কমিটির আহবায়ক ড. মোহাম্মদ আবদুল মজিদ।

দারিদ্র বিমোচনকল্পে আরও ৫টি জীবিকা প্রকল্পের যাত্রা শুরু

সিজেডএম দারিদ্র বিমোচনের লক্ষ্যে আরও পাঁচটি নতুন জীবিকা প্রকল্প গ্রহণ করেছে। নতুন পাঁচটি প্রকল্প যথাক্রমে কুড়িগ্রামের রাজীবপুর (৩টি), নওগাঁর তিলকপুর এবং নরসিংদীর সান্তানপাড়ায় অবস্থিত। প্রকল্প পাঁচটি থেকে ২৩০০ টি পরিবার সিজেডএম-এর সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় প্রত্যেকে ৫০ হাজার টাকার বিভিন্ন সুযোগ-সুবিধা পাবে। এ পরিবারগুলো তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির জন্য একসঙ্গে আয়বর্ধক কর্মকাণ্ডে নিজেদের নিয়োজিত করবে ও বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করে তাদের কর্মদক্ষতা বাড়াবে। সিজেডএম ইতোমধ্যেই এ পরিবারগুলোকে বিভিন্ন আয়-বৃদ্ধিমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করেছে এবং তাদের ব্যবসার উন্নতিতে পরামর্শসহ অন্যান্য সহায়তা প্রদান করছে। তাছাড়া তাদের জন্য নিরাপদ পানি, স্যানিটেশন, শিক্ষা ও স্বাস্থ্যসেবা সহায়তা দেওয়া হবে।

প্রথম সিজেডএম বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত



“Year of Excellence” এ শ্লোগানকে সামনে রেখে প্রথমবারের মত সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট আয়োজন করেছে বার্ষিক সম্মেলন ২০২৩। রাজধানীর তেজগাঁয়ের একটি মিলনায়তনে গত ১১ ও ১২ জুলাই ২০২৩- এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সিজেডএম এর প্রধান কার্যালয় ও প্রকল্প কার্যালয়ের সকল কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। আমন্ত্রিত অতিথি হিসেবে সম্মেলনে উপস্থিত ছিলেন সিজেডএম-এর গভর্নিং বোর্ড, এডভাইজরি কাউন্সিল, শরিয়াহ সুপারভাইজরি বোর্ড ও অন্যান্য কমিটির সম্মানিত সদস্যবৃন্দ। প্রথমবারের মত আয়োজিত বার্ষিক সম্মেলনের উদ্দেশ্য ছিল: জনশক্তির মাঝে চিন্তা ও দৃষ্টিভঙ্গির ঐক্য সাধন করা, সিজেডএম এর কার্যক্রম সম্পর্কে সবাইকে বিস্তারিত ধারণা প্রদান করা, সিজেডএম এর কর্মসূচি বাস্তবায়নে সমস্যা চিহ্নিত করা ও পরামর্শ প্রদান, সিজেডএম এর কর্মশক্তির মধ্যে সম্প্রীতি, ভ্রাতৃত্ব এবং ঐক্য বৃদ্ধি করা, এবং মাঠ পর্যায় ও কেন্দ্রের মাঝে একটি কার্যকর সময় গড়ে তোলা। সম্মেলনে কোরআনভিত্তিক আলোচনা এবং সিজেডএম ও যাকাত-এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা সম্পর্কিত আলোচনার সাথে ছিল প্রাসঙ্গিক ও গুরুত্বপূর্ণ কয়েকটি বিষয়ে প্যানেল সেশন, দলভিত্তিক আলোচনা, ফলাফল উপস্থাপনা এবং মূল্যায়ন, অনুভূতি ও অভিব্যক্তি প্রকাশ। দুইদিন ব্যাপী সম্মেলনের প্রত্যাশা ছিল যে, এই সম্মেলনের মধ্যে দিয়ে যাকাত এর আমিলিনগণ (ব্যবস্থাপক) যথাযথভাবে উদ্বুদ্ধ হবেন, একজন আমিল হিসেবে নিজেদের অঙ্গীকারকে অত্যন্ত সুদৃঢ় করবেন, নিজেদের মধ্যে টিম বিল্ডিং করবেন এবং সর্বোপরি নিজেদেরকে উত্তম আমিলিন হিসেবে গড়ে তুলতে সচেষ্ট হবেন। সম্মেলনের সমাপ্তি অধিবেশনে বক্তব্য রাখেন বিচারপতি মোহাম্মদ আবদুর রউফ, নিয়াজ রহিম, এ এম এম নাসিরুদ্দিন ও ড. মোহাম্মদ আইয়ুব মিয়া।

হাওড়ের সুবিধাবঞ্চিত মৎস্যজীবীদের মাঝে আরও ৯০ টি মাছ ধরার আধুনিক নৌকা বিতরণ



কিশোরগঞ্জের হাওড় অঞ্চল উপজেলার নিকলী, করিমগঞ্জ, বাজিতপুর ও ইটনা উপজেলার ২৭০ জন মৎস্যজীবির মাঝে আরও ৯০ টি আধুনিক ফাইবার গ্লাস বোট বিতরণ করেছে সিজেডএম। এ নিয়ে মোট ১১০ টি আধুনিক ফাইবার গ্লাস বোট বিতরণ করা হলো। বোট বিতরণের আগে বাজিতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. শামীম হুসাইনের সভাপতিত্বে উপজেলা হল রুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিজেডএম-এর নির্বাহী কমিটির চেয়ারম্যান ও সাবেক সচিব এ এম এম নাসিরুদ্দিন, প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মোহাম্মদ আইয়ুব মিয়া, হেড অব অপারেশন কাজী আহমদ ফারুক, হুমাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. রফিকুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে বক্তারা বলেন, এলাকার সুবিধাবঞ্চিত মৎস্যজীবী পরিবারগুলোর দুঃখ-কষ্ট লাঘবে মাছ ধরার এ নৌকা সহায়ক হবে। উল্লেখ্য, হাওড়ের আরো ১২০ টি পরিবারের মধ্যে পর্যায়ক্রমে আরও ৪০ টি নৌকা বিতরণ করা হবে। এর আগে সিজেডএম মিঠামইন, অষ্টগ্রাম ও ইটনা উপজেলায় ৩০০টি পরিবারের মধ্যে ১০০টি ইঞ্জিন বোট বিতরণ করে। সুবিধাবঞ্চিত জেলেরা এসব বোট দিয়ে মাছ ধরা এবং পণ্য ও যাত্রী বহন করে তাদের আয় বৃদ্ধিতে সক্ষম হয়েছে।



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট

- বাড়ী-২৬, রোড-৭, ব্লক-সি, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
- +৮৮০ ২ ২২২২৯৮২৫৫, ০১৭২৯ ২৯৬ ২৯৬
- ✉ info@czm-bd.org
- 📘 fb.com/czm.org
- 🌐 www.czm-bd.org

The 11th Zakat Fair 2023 was organized by CZM



The 11th 'Zakat Fair' was held with the theme of “Making a Difference with Zakat”.

Eminent Economist Professor Dr. Wahiduddin Mahmud (Chairman, Economic Research Group) inaugurated the Fair as Chief Guest.

The objectives of the fair were to motivate people to give their Zakat in an organized manner; clarify various issues on Zakat; and share experience of various organizations working with Zakat fund for poverty alleviation.

Dr. Wahiduddin Mahmud in his speech at the inaugural seminar titled ‘Social Safety-net and Role of Zakat’ said “Zakat could be very viable source to finance social safety-net programs for the poor and the needy”. The speakers of the seminar urged the Muslims to pay their Zakat collectively rather than individually. Former Chairman of NBR, Dr. Muhammad Abdul Mazid presented the key-note paper in the seminar under the Chairmanship of CZM Chairman Niaz Rahim.

Besides, an exclusive seminar and QA session for women titled “Role of women in Establishing Salat and Zakat”, a reunion of former Genius scholar titled ‘Future Zakat Ambassadors’, a seminar titled ‘Role of Imams/Khatibs in Institutional Management of Zakat’ and a Roundtable Discussion titled ‘Integrating Zakat and CSR Fund’ were organized at the Fair. Arastoo Khan, Former Secretary to GoB moderated the roundtable discussion while Dr. Salehuddin Ahmed, Former Governor of Bangladesh Bank attended as the Chief Guest. Justice Mohammad Abdur Rouf, Former CEC; AMM Nasiruddin, Former Secretary to GoB; Sarder M. Asaduzzaman, Assistant Resident Representative of UNDP Bangladesh; Professor M. Muzahidul Islam, Dhaka University; Maulana Shah Mohammad Waliullah, Khatib, Sobhanbag Jame Masjid spoke at different sessions of the Fair.

A Consultation Desk was set up at the Fair for any query from the visitors relating to rules and regulations of Zakat and helping individuals or business organizations for calculating Zakat properly. Besides, there were stalls of various Zakat/charity based organizations, book publishers, Islamic Financial Institutions etc. at the Fair. All classes of people including Islamic Scholars, Economists, Educationists, Development Activists, Bureaucrats and Businessmen attended the Fair.

Distribution of Clothes among Gulbagicha Children



As part of the regular activities, CZM has distributed uniforms to the children of Gulbagicha Education Centers across the country. Since 2010, CZM has been conducting Gulbagicha pre-primary education and nutrition programs for the helpless, poor children of the society. After a long break due to the Corona pandemic, the program has been resumed in full swing from 2023. At present 956 students are being provided pre-primary education and nutrition through 33 centers. CZM has been providing school uniform to the students every year. Ahead of the holy Eid-ul-Azha, CZM has distributed clothes to all 956 students.

Treatment Support to Thalassaemia Patients



Md. Naim (23 years) and Md. Sagar (18 years), sons of Monowara Begum (a member of CZM Jeebika Project, Manikganj-2) have been suffering from thalassaemia. Monowara's husband has been an expatriate in Saudi Arabia for 15 years, where he grazes goats in the desert for a living. His income has been their only way of supporting themselves. It was becoming difficult to get regular treatment for the two sons with meager income. CZM has taken the responsibility of their medical treatment. Manowara Begum expressed her gratitude to the CZM for taking responsibility of the treatment of her two sons.

CZM Provided Assistance in Kidney Transplantation



Mamunur Rashid (48), a father of two children, has been supporting his family by driving vehicles. Suffering from chronic kidney disease, he became unemployed. The doctor advised him for kidney transplantation. It was mere a dream for him to undertake this expensive treatment. Center for Zakat Management came forward to provide financial support for his kidney transplantation. He expressed gratitude to CZM for supporting him in the treatment.

Qurbani Meat for Slum Children



Since 2010, Center for Zakat Management (CZM) reached thousands of poor orphans and slum children within Dhaka City Corporation areas through its education and nutrition program. CZM also looks for opportunities to help these children through different forms of supports. Distributing Qurbani meat to the families of these children is one such example. CZM has distributed Qurbani meat among the 1459 children this year during Eid-ul-Adha, with the support of the generous sponsors.

Transfer of Zakat funds aimed at Poverty Alleviation



With the aim of poverty alleviation and human development, Center for Zakat Management has handed over Zakat funds of BDT 1.27 crore among the 1000 Mustahiks (members) of the projects in Tilakpur, Naogaon and Najirhat, Chittagong. Mr. Salahuddin Kasem Khan, trustee secretary of AK Khan Foundation and prominent industrialist was the Chief Guest at the Zakat fund transfer ceremony in Najirhat, Chittagong. It was presided over by Dr. Mohammad Abdul Mazid, Former Chairman of NBR and Convener of Zakat Distribution Committee of CZM.

Installation of Submersible Pumps at JUK Surma-2, Sylhet



Center for Zakat Management has installed five (05) submersible pumps to address the water scarcity issues faced by the Jeebika (Livelihood) project Mustahiqs (Zakat deserving households) of 'Bahar' village, a hilly area at Sylhet Sadar Upazila.

The installation of five submersible pumps for approximately 200 families (approximately 1,000 people) in a hilly area were a collaborative effort between the CZM, local government, NGOs, and community members. The community had been facing water shortages for a prolonged period, leading to numerous difficulties in their daily lives. Recognizing the urgency of the situation, the project sponsor and CZM joined hands to install submersible pump to alleviate the water crisis. The submersible pumps has resulted a significant positive change in the lives of the community people.

Five new livelihood projects Started

CZM has undertaken five new livelihood projects (Jeebika) aimed at alleviating poverty and achieving self-reliance of poverty-stricken people. The five new projects are located at Rajibpur in Kurigram, Tilokpur in Naogaon and Santanpara in Narshingdi respectively. The projects will benefit a total of 2300 families under CZM's integrated poverty alleviation program. These families will be provided business capital and be engaged in income generating activities for the upliftment of their socio-economic status and will be provided various skill development trainings. CZM has already provided training to these families in various income-generating trades and will provide other assistance and consultancies to help them grow their businesses. In addition, they will be provided with safe water, sanitation, education and health-care assistance.

First CZM Annual Conference Held



With the theme 'Year of Excellence', the Center for Zakat Management has organized the Annual Conference 2023 for the first time. The conference was organized at an auditorium at Tejgoan on 12 and 13 July 2023.

All the CZM staffs of Head Office and Project Offices participated in the conference. Members of CZM Governing Board, Advisory Council, Shariah Supervisory Board and other committee members attended the conference as invited guests.

The objectives of the annual conference were to achieve unity of thought and vision among the employees, disseminate knowhow of Zakat and CZM activities, review project implementation, promote harmony, brotherhood and unity among the workforce of CZM and develop an effective coordination between the field level and the center.

The conference included several plenary sessions on relevant and important topics, group/based discussions, presentation of discussion results and evaluation, sharing of sentiments and expressions along with discussion on Quranic insights and institutional management of CZM and Zakat.

The concluding session was attended by Justice Mohammad Abdur Rouf, Niaz Rahim, AMM Nasiruddin and Dr. Mohammad Ayub Miah.

Underprivileged Fishermen of Haor Area Got Modern Fishing Boats



CZM distributed 90 more modern fiber glass boats among 270 nos. underprivileged fishermen of Nikli, Karimganj, Bajitpur and Itna upazilas of haor region of Kishoreganj. A total of 110 nos. of modern fiber glass boats were distributed so far. A boat distribution program was held in the Upazilla Parishad Hall Room where Bajitpur Upazila UNO Md. Shamim Hussain was in chair. AMM Nasiruddin, the chairman of CZM Executive Committee; Dr. Mohammad Ayub Miah, Chief Executive Officer of CZM; Quazi Ahmed Faruk, Head of Operations of CZM; Rafiqul Islam, Chairman of Humaipur Union Parishad and some others spoke at the event. The speakers said that these fishing boats would help alleviate the suffering of the underprivileged fishermen families in the area.

CZM would gradually distribute more 120 boats among 40 families at Haor. Earlier, CZM also distributed 100 nos. of engine boats among 300 families in Mithamoin, Astagram and Itna Upazilas.



Center for Zakat Management (CZM)

📍 House- 26, Road- 07 Block- C, Niketon, Gulshan-1, Dhaka -1212

☎ +880 2 222298255, 01729 296 296

✉ info@czm-bd.org

🌐 fb.com/czm.org

🌐 www.czm-bd.org